# এস এস সি পরীক্ষা ২০২১ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## ব্যবসায় উদ্যোগ

বিষয় কোড: | ১ | ৪ | ৩ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

## সৃজনশীল প্রশ্ন

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: মোট ১১টি প্রশ্ন থেকে ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১০। দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

**১.▶** জনাব রহিম একটি মোমবাতি তৈরির কারখানা স্থাপন করতে চান। কাজটি ঝুঁকিপূর্ণ বিধায় তিনি তার বন্ধুদের সাথে পরামর্শ করলেন। বন্ধুরা তাকে সব প্রকার সহায়তার আশ্বাস দেয়। এতে তার মনোবল বেড়ে যায়। তাই তিনি ব্যাংক থেকে ঋণ নেওয়ার মাধ্যমে পুঁজি সংগ্রহের করার চিন্তা করলেন।

ক. কারিগরি তথ্য সরবরাহ কোন ধরনের সেবা? ১

খ. কর অবকাশের দুটি সুবিধা বর্ণনা করো। ২

গ. জনাব রহিমকে তার বন্ধুরা কোন ধরনের সহায়তার কথা বলেছেন? বিশ্লেষণ করো। ৩

ঘ. ব্যবসায় স্থাপনের জন্য জনাব রহিম ব্যাংক থেকে ঋণ নেওয়ার সিদ্ধান্তের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

**২.▶** জনাব স্যামসন এইচ চৌধুরী বাংলাদেশের একজন সফল উদ্যোক্তা। তিনি সামান্য একটি ওষুধের দোকানের মাধ্যমে ব্যবসায়িক কাজ শুরু করলেও বর্তমানে সারাদেশে তার হাতে গড়া অনেক প্রতিষ্ঠান সুনামের সাথে ব্যবসায় চালিয়ে যাচ্ছে। তার ব্যবসায়ের পুঁজি ছিল সততা, আত্মবিশ্বাস, পরিশ্রম, নিষ্ঠা এবং আন্তরিকতা। আজকের যারা তরুণ উদ্যোক্তা তার জীবনী থেকে তাদের অনেক কিছু শেখার আছে।

ক. ইস্টার্ন হাউজিং কে প্রতিষ্ঠা করেন? ১

খ. উদ্যোক্তার ঝুঁকি গ্রহণের মানসিকতার ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. জনাব স্যামসন এইচ চৌধুরীর জীবনী থেকে নতুন উদ্যোক্তাগণ কী শিক্ষা নিতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. নতুন উদ্যোক্তা সৃষ্টিতে সফল উদ্যোক্তার জীবনী পাঠের মাধমে উদ্যোক্তা উন্নয়নে কী ভূমিকা পালন করতে পারে বলে তুমি মনে করো? বিশ্লেষণ করো। ৪

**৩.▶** জনাব করিম রাজশাহীর আরডিএ মার্কেটে এবিসি ড্রেস নামে একটি পোশাক বিক্রির প্রতিষ্ঠান পরিচালনা করেন। তার এ ব্যবসায় স্থাপনের সময় তার বন্ধু রহিম তার সমপরিমাণ বিনিয়োগ করে। শর্ত থাকে যে রহিম ব্যবসায়

Teachingbd24.com

পরিচালনায় অংশ নিবে না তবে মুনাফা গ্রহণসহ অন্যান্য কাজের তিনি সমান অংশীদার হবেন। এ সংক্রান্ত তাদের একটি লিখিত চুক্তি আছে।

ক. কোম্পানি সংগঠন বলতে কী বোঝায়? ১

খ. প্রাইভেট লি. কোম্পানির দুটি সুবিধা ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব রহিম কোন ধরনের অংশীদার? বর্ণনা করো। ৩

ঘ. তোমার বন্ধু জব্বার এ রকম একটি প্রতিষ্ঠান স্থাপন করতে চাইলে তুমি তাকে কী কী করণীয় সম্পর্কে ধারণা দিবে? বিশ্লেষণ করো। ৪

৪.▶ জনাব রহিম বাংলাদেশের মুক্তিযুদ্ধের ইতিহাস সম্পর্কে একটি বই রচনা করেন। যা তিনি কপিরাইট ও ট্রেডমার্ক নিবন্ধন করে বাজারজাত করেন। সম্প্রতি তিনি লক্ষ্য করলেন অন্য একটি প্রকাশনী তার বই হুবহু নকল করে বাজারে বিক্রি করছেন। এ ব্যাপারে জনাব রহিম আইনের আশ্রয় নিলেন।

ক. অর্থনৈতিক পরিবেশ বলতে কী বোঝায়? ১

খ. ব্যবসায় বাণিজ্য পরিচালনায় রাজনৈতিক পরিবেশের দুটি সীমাবদ্ধতা বর্ণনা করো। ২

গ. জনাব রহিমের রচনাটি কপিরাইট ও ট্রেডমার্ক রেজিস্ট্রেশনের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৩

ঘ. মি. রহিম আইনের আশ্রয় নিলে তিনি কী কী সুবিধা পাবেন বলে তুমি মনে করো? বিস্তারিত বিবরণ দাও। ৪

৫.▶ জনাব করিম রজশাহীর ভেড়িপাড়া মোড়ে বাড়তি আয়ের জন্য একটি ফটোকপি-এর দোকান স্থাপন করেন। এলাকাটিতে কোনো ফটোকপির দোকান না থাকায় তার দোকান স্থাপনের মাধ্যমে লাভবান হওয়ার যথেষ্ট সুযোগ রয়েছে। অবশ্য তিনি দোকান স্থাপনের আগে কাজটি লাভজনক এবং বাস্তবসম্মত কিনা তা যাচাই বাছাই করে সিদ্ধান্ত নিয়েছেন। তিনি মনে করেন ব্যবসায় সফলতা অর্জনের জন্য যথোপযুক্ত পরিকল্পনার বিকল্প নেই।

ক. শিল্পনীতি বলতে কী বোঝায়? ১

খ. ব্রেক-ইভেন বিশ্লেষণের দুটি প্রয়োজনীয়তা ব্যাখ্যা করো। ২

গ. জনাব রহিম দোকান স্থাপনের আগে মাইক্রোস্ক্রিনিং-এর কোন উপাদানগুলো বিবেচনা করেছেন? বর্ণনা করো। ৩

ঘ. একজন ব্যবসায়ী হিসেবে জনাব করিমের কাছে ব্যবসায় পরিকল্পনার কী কী প্রয়োজনীয়তা রয়েছে? বিশ্লেষণ করো। ৪

৬.▶ মি. শাহজাদা একটি বহুজাতিক কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক। তিনি প্রতি তিন মাস পরপর সব স্তরের কর্মীদের অংশগ্রহণে সভার আয়োজন করেন এবং সেখানে তিনি কর্মীদের বিভিন্ন কথা মনোযোগ দিয়ে শোনেন।

https://teachingbd24.com

পাশাপাশি বিভিন্ন ধরনের পরামর্শ দিয়ে তাদেরকে উৎসাহিত করেন। তার ব্যক্তিত্ব এবং প্রজ্ঞা কর্মীদের ভীষণ পছন্দ। তাই তিনি বহুদিন ধরে কোম্পানিটির নেতৃত্ব দিয়ে আসছেন।

ক. অর্থ সংগ্রহের প্রধান উৎস কোনটি? ১
খ. প্রেষণার দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২
গ. উদ্দীপকে জনাব শাহজাদার নেতৃত্বের ধরনটি কী? বর্ণনা করো। ৩
ঘ. তুমি কী মনে কর মি. শাহজাদার মতো নেতৃত্ব সমাজ ও রাষ্ট্র ব্যবস্থাপনায় উপযুক্ত? যুক্তিসহ মতামত দাও। ৪

**৭.▶** রহিম একজন স্বাধীনচেতা মানুষ। সে অন্যের অধীনে কাজ করা পছন্দ করে না। তাই সে দামকুড়া হাটের পাশে ১৫ কোটি টাকা ব্যয়ে একটি সার কারখানা স্থাপন করেন। প্রতিষ্ঠানটির উদ্দেশ্য হলো উন্নতমানের সার উৎপাদন করে দেশের কৃষিজ পণ্যের উৎপাদন বাড়ানো। বর্তমানে তার কারখানায় ১৩০ জন শ্রমিক কাজ করছে।

ক. কাকে উৎপাদনের বাহন বলা হয়? ১
খ. শিল্পের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২
গ. জনাব রহিমের কাজটি কোন শিল্পের অন্তর্গত? বর্ণনা করো। ৩
ঘ. আর্থসামাজিক উন্নয়নে জনাব রহিমের মতো ব্যবসায়ীদের অবদান বিশ্লেষণ করো। ৪

**৮.▶** জনাব রক্তি একটি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক। তিনি তার প্রতিষ্ঠানে পাউরুটি, বিস্কুট এবং কেক উৎপাদন করেন। উৎপাদিত পণ্য সামগ্রী তিনি উন্নতমানের প্যাকেটজাত করে তার প্রতিষ্ঠানের নিজস্ব ভ্যানে করে বিভিন্ন দোকানে দোকানে সরবরাহ করেন। দোকানীরা তার পণ্য সরাসরি ক্রেতার কাছে বিক্রি করেন।

ক. উৎপাদনকারী ও ভোক্তার মধ্যে কে সেতুবন্ধন রচনা করেন? ১
খ. প্রমিতকরণের দুটি বৈশিষ্ট্য বর্ণনা করো। ২
গ. জনাব রক্তি পণ্য বিপণনে কোন ধরনের বণ্টন প্রণালি অনুসরণ করেছেন? বিবরণ দাও। ৩
ঘ. 'উন্নত প্যাকেটজাতকরণ ব্যবস্থাপনার কারণে জনাব রক্তি ভোক্তার আস্থা অর্জনে সক্ষম হবেন'– তুমি কী উক্তিটির সাথে একমত? কারণসহ যুক্তি উপস্থাপন করো। ৪

**৯.▶** রহিম বি এ পাশ করার পর একটি বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা হিসেবে চাকরি শুরু করেন। কিন্তু রহিম ছোটবেলা থেকেই স্বাধীনচেতা হওয়ায়

Teachingbd24.com

অন্যের অধীনে থেকে কাজ করা তার ভালো লাগেনা। তাই সে চাকরি ছেড়ে দিয়ে বন্ধুকে সাথে নিয়ে বিভিন্ন এলাকার সবজি চাষিদের কাছ থেকে সবজি সংগ্রহ করে তা মধ্যপ্রাচ্যে রপ্তানি করার সিদ্ধান্ত নেন।

ক. কীসের মাধ্যমে স্বত্বগত বাধা দূর হয়? ১

খ. বাণিজ্যের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. রহিম ও তার বন্ধুরা মিলে যে সবজি রপ্তানি করার সিদ্ধান্ত নিয়েছেন তা ব্যবসায়ের কোন শাখার অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. রহিমের চাকরি ছেড়ে দিয়ে ব্যবসায় করার সিদ্ধান্ত কী তোমার কাছে যৌক্তিক মনে হয়েছে? বিশ্লেষণ করো। ৪

১০.▶ জনাব করিমের রাজধানীর হাজারীবাগে একটি চামড়া প্রক্রিয়াজাত কারখানা আছে। তিনি কারখানার বর্জ্য নিষ্কাশনের যথাযথ ব্যবস্থা না নেওয়ায় তার কারখানায় উৎপাদিত বর্জ্য গিয়ে সরাসরি বুড়িগঙ্গা নদীতে মিশে। ফলে নদীর পানি নষ্ট হয়ে জনজীবনে বিরূপ প্রভাব ফেলে। এই নিয়ে এলাকাবাসী জনাব করিমের উপর ক্ষুব্ধ।

ক. শ্রমিকদের অব্যাহত প্রচেষ্টার ফলে কী অর্জিত হয়? ১

খ. স্থায়ী মূলধনের দুটি বৈশিষ্ট্য ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে জনাব করিমের প্রতিষ্ঠানটি কোন ধরনের পরিবেশের দূষণ ঘটাচ্ছে? বর্ণনা করো। ৩

ঘ. একজন ব্যবসায়ী হিসেবে জনাব করিমের দায়িত্ববোধ কেমন হওয়া উচিৎ বলে তুমি মনে করো? মতামতের আলোকে যুক্তি উপস্থাপন করো। ৪

১১.▶ দামকুড়া হাটের রহিম এইচ.এস.সি পাশের পর তার গ্রামে একটি পোল্ট্রি ফার্ম স্থাপন করেন। প্রথম দুই বছর তার ফার্ম কোনো লাভের সম্মুখীন থেকে পারেনি। তাই সে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ নিয়ে পুনরায় তিনি তার কাজে আত্মনিয়োগ করেন। বর্তমানে তার ফার্মটি বেশ লাভজনক খামারে পরিণত হয়েছে। বর্তমানে তার ফার্মে ১০ জন লোক বিভিন্ন ধরনের কাজে তাকে নিয়মিত সহায়তা করে।

ক. ঝুঁকি গ্রহণের মানসিকতা উদ্যোক্তার কোন ধরনের বৈশিষ্ট্য? ১

খ. উদ্যোগ নেওয়ার ক্ষেত্রে প্রশিক্ষণের দুটি সুবিধা ব্যাখ্যা করো। ২

গ. একজন উদ্যোক্তা হিসেবে জনাব রহিমের মধ্যে উদ্যোক্তার কোন ধরনের গুণের প্রতিফলন ঘটেছে? বর্ণনা করো। ৩

ঘ. দেশের আর্থসামাজিক উন্নয়নে রহিমের মতো উদ্যোক্তাগণের অবদান মূল্যায়ন করো। ৪

https://teachingbd24.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময়— ৪০ মিনিট পূর্ণমান— ৪০

বিষয় কোড : | ১ | ৪ | ৩ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. **সেবামূলক মাঝারি শিল্পের সর্বোচ্চ বিনিয়োগ কত টাকা?**

ক ১৩ কোটি খ ১৫ কোটি
গ ১৭ কোটি ঘ ১৯ কোটি

২. **মি. ফুল তার ব্যবসায় প্রতিষ্ঠানের পরিকল্পনাকারী। তার পরিকল্পনা বাস্তবায়নে কী করা উচিত?**

ক কর্মী সংগ্রহ করা খ মূলধন সংগ্রহ করা
গ সংগঠিত করা ঘ পদক্ষেপ গ্রহণ করা

৩. **কোনটির মাধ্যমে বঙ্গোপসাগরের সপ্তগ্রামের বাণিজ্য চলত?**

ক ভাগীরথী নদী ও সরস্বতী খালের মাধ্যমে
খ সুরমা নদী ও সরস্বতী খালের মাধ্যমে
গ ধরলা নদী ও সরস্বতী খালের মাধ্যমে
ঘ ব্রহ্মপুত্র ও সরস্বতী খালের মাধ্যমে

৪. **আইনগত পরিবেশের অন্তর্গত কোনটি?**

ক রীতি নীতি আইন খ সরকার আইন
গ বাণিজ্যিক আইন ঘ ব্যবসায় আইন

৫. **নাটক আয়োজন কোন ধরনের কাজ?**

ক কষ্টসাধ্য ও মেধার কাজ
খ কষ্টসাধ্য ও সৃজনশীল কাজ
গ কষ্টসাধ্য ও সামাজিক কাজ
ঘ কষ্টসাধ্য ও গতিশীল কাজ

৬. **রাসু একজন উদ্যোক্তা। সে কিভাবে বৃহৎ শিল্পের মালিক হবেন—**

i. দৃঢ় মনোবল, কঠোর অধ্যাবসায় দ্বারা
ii. কর্মপ্রচেষ্টার মাধ্যমে কষ্টসাধ্য কাজ দ্বারা
iii. সৃজনশীল কাজ দ্বারা

**নিচের কোনটি সঠিক?**

ক i খ iii
গ i ও ii ঘ i, ii ও iii

৭. **আমাদের দেশের সাধারণ শিক্ষাব্যবস্থা কিসের ওপর প্রতিষ্ঠিত?**

ক মুখস্থনির্ভর ও জাতীয় শিক্ষাক্রমের ওপর
খ মুখস্থনির্ভর ও তাত্ত্বিক শিক্ষাক্রমের ওপর
গ মুখস্থনির্ভর ও সামষ্টিক শিক্ষাক্রমের ওপর
ঘ মুখস্থনির্ভর ও নির্দিষ্ট শিক্ষাক্রমের ওপর

৮. **কিভাবে উদ্যোক্তা বা কর্মীর মনোভাবের উন্নতি সাধন ও নৈতিক বল তৈরি করা যায়?**

ক শিক্ষার দ্বারা খ কাজের দ্বারা
গ প্রশিক্ষণের দ্বারা ঘ প্রেষণার দ্বারা

আব্দুর বাতেন ও মোঃ বাশারের মধ্যে একটি চুক্তি সম্পাদিত হয়। চুক্তিটি নিম্নরূপ:

| প্রথম পক্ষ | দ্বিতীয় পক্ষ |
|---|---|
| আব্দুর বাতেন | মোঃ বাশারের |
| পিতা: গণি মিয়া | পিতা: মৃত: কাশেম |
| ৪৮/১ ফতেপুর, | ৩৬/৫ নিউরোড |
| সাভার ঢাকা। | সাভার, ঢাকা। |

অদ্য ০৩/০৬/২০১৬ তারিখে উপরোক্ত পক্ষদ্বয়ের মধ্যে সংযুক্ত ২নং সিট এর ১ থেকে ১৬ শর্তাবলী বজায় রেখে বাতেন বাশার ট্রেডার্স কার্যক্রম চালু হল। পাঁচ বছর প্রতিষ্ঠানটি চলার পর লিখিত পত্রে বণ্টন প্রক্রিয়ার সঠিক ব্যাখ্যা না থাকায় ব্যবসায়টির তারা বিলোপ সাধন ঘটায়। (৯ থেকে ১১)।

৯. **চুক্তি অংশীদারী ব্যবসায়টির কি হিসাবে কাজ করে?**

ক পরিকল্পনা খ নিবন্ধন
গ পরিপত্র ঘ দিকনির্দেশক

১০. **চুক্তিপত্র সকল অংশীদারী কর্তৃক কি হতে হয়?**

ক লিখিত খ নিবন্ধিত
গ অনুমোদিত ঘ স্বাক্ষরিত

১১. **কোনটির মাধ্যমে উদ্দীপকের ব্যবসায়টির বিলোপ সাধন হয়?**

ক সম্মতি কর্তৃক খ আদালত কর্তৃক
গ চুক্তি অনুযায়ী ঘ আইনানুযায়ী

১২. **কড়া মনিটরিং, চুক্ত ভঙ্গের জন্য চুক্তি বাতিল এবং বেশি পরিমাণ বিনিয়োগ ইত্যাদি ফ্রানসাইজিং ব্যবসায়ের কী?**

ক সুবিধা খ বৈশিষ্ট্য
গ নীতি ঘ অসুবিধা

১৩. **মেধা সম্পদের মধ্যে অন্যতম কোনগুলো?**

ক পেটেন্ট, ইজারা এবং কপিরাইট
খ পেটেন্ট, ট্রেডমার্ক এবং কপিরাইট
গ ভূমি, ট্রেডমার্ক এবং কপিরাইট
ঘ পেটেন্ট, ট্রেডমার্ক এবং সুনাম

১৪. **ব্যবসায় পরিকল্পনার গুরুত্ব অপরিসীম কোন ক্ষেত্রে?**

ক ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও মুনাফা অর্জনে
খ ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও অভীষ্ট লক্ষ্য অর্জনে
গ ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্প্রসারণ অর্জনে
ঘ ব্যবসায় শুরু, সুষ্ঠুভাবে পরিচালনা ও মূলধন অর্জনে

১৫. **পরিকল্পনা ব্যবসায়ী বা উদ্যোক্তার কাছে কী হিসাবে কাজ করে?**

ক একটি দিক নির্দেশক দলিল
খ একটি দিক নির্দেশক ছবি
গ একটি দিক নির্দেশক কাজ
ঘ একটি দিক নির্দেশক পথ

Teachingbd24.com

https://teachingbd24.com

১৬. প্রকল্প হচ্ছে কোন একটি নির্দিষ্ট সময়ের মধ্যে, নির্দিষ্ট লক্ষ্য বাস্তবায়নে কি ধরনের কর্ম পদ্ধতি?
ⓚ প্রণীত পরিকল্পিত ও ব্যবস্থাপত্র
ⓚ প্রণীত পরিকল্পিত ও সুচিপত্র
ⓖ প্রণীত প্ররিকল্পিত ও সুচিন্তিত
ⓖ প্রণীত পরিকল্পিত ও সংগঠিত

১৭. একটি প্রকল্প কয় ধরনের হতে পারে—
i. সম্পূর্ণ নতুন বিনিয়োগ সিদ্ধান্ত
ii. পুরাতন ব্যবসায়ের সম্প্রসারণ
iii. প্রতিষ্ঠান চালুকরণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ iii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

১৮. ব্যবসায় পরিচালনার দিক নির্দেশনা, মূলধন সংগ্রহ ও বিনিয়োগ, সরকারি সুযোগ, সুবিধার সদ্ব্যবহার, সিদ্ধান্ত গ্রহণে সহায়তা ইত্যাদি ব্যবসায় পরিকল্পনার কি?
ⓚ সুবিধা ⓚ বৈশিষ্ট্য
ⓖ অসুবিধা ⓖ গুরুত্ব

১৯. এক ধরনের পণ্য বা সেবা সামগ্রীর প্রতি জনসাধারণের দৃষ্টি আকর্ষণের একটি উপায় বা একটি কৌশল হচ্ছে—
ⓚ শো রুম ⓚ বিজ্ঞাপন
ⓖ এক মূল্য ⓖ স্থান

২০. কোনটিকে আর্থিক ঝুঁকি বলে?
ⓚ কম উৎপাদন অর্জিত হওয়া
ⓚ কর্ম কর্মসংস্থান অর্জিত হওয়া
ⓖ কম মুনাফা অর্জিত হওয়া
ⓖ কম তহবিল অর্জিত হওয়া

২১. লিফলেট কিসের মাধ্যম?
ⓚ ব্যবসায়ের ⓚ বিজ্ঞাপনের
ⓖ সুনামের ⓖ মূল্য বৃদ্ধির

২২. কোনটি একজন বিক্রয় কর্মীর মানসিক গুণ?
ⓚ সাহসিকতা ⓚ পরিশ্রম
ⓖ কারিগরি জ্ঞান ⓖ তীক্ষ্ণবুদ্ধিমত্তা

২৩. বিক্রয় কর্মীর গুণাবলির প্রয়োজন কেন?
i. ক্রেতা বা ভোক্তারে আকৃষ্ট করা
ii. প্রভাবিত করা
iii. স্থায়ী গ্রাহকে পরিণত করা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ iii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

২৪. সংরক্ষমূলক সহায়তার মাধ্যমে ব্যবসায়ের কোন প্রতিবন্ধকতা দূর করা যায়?
ⓚ ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা ও সম্প্রসারণের পথে
ⓚ ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা ও মুনাফার পথে
ⓖ ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা ও মূলধন গঠনে
ⓖ ব্যবসায়ের কার্যক্রম পরিচালনা ও বিক্রয়ের পথে

২৫. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা (বিসিক) কোন মন্ত্রণালয়ের অধীন?
ⓚ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের
ⓚ কেবিনেট মন্ত্রণালয়ের
ⓖ প্রধানমন্ত্রীর মন্ত্রণালয়ের
ⓖ শিল্প মন্ত্রণালয়ের

২৬. বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থার প্রধান কাজ কী?
ⓚ শিল্প খাতের উন্নয়নের জন্য বিনিয়োগ পরামর্শ দান
ⓚ কৃষি খাতের উন্নয়নের জন্য বিনিয়োগ পরামর্শ দান
ⓖ বাণিজ্য খাতের উন্নয়নের জন্য বিনিয়োগ পরামর্শ দান
ⓖ পরিবারের খাতের উন্নয়নের জন্য বিনিয়োগ পরামর্শ দান

২৭. সম্পূর্ণ রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকের নাম কী?
ⓚ বাণিজ্যিক ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
ⓚ বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
ⓖ শিল্প ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড
ⓖ কৃষি ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড

২৮. মানুষের ভালো মন্দ বিচার বিশ্লেষণ করে সঠিক বিষয়টি গ্রহণ করাকে কী বোঝায়?
ⓚ নৈতিকতা ⓚ বিচার বুদ্ধি
ⓖ মানবিকতা ⓖ সাহসিকতা

২৯. ব্যবসায় ও ব্যবসায় উদ্যোক্তাদের কী ধরনের দৃষ্টিভজ্গি লালন-পালন করতে হয়?
i. সামাজিক মূল্যবোধ
ii. নৈতিকতা ও
iii. ইতিবাচক দৃষ্টিভজ্গি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ iii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

৩০. সর্ব প্রথম কোম্পানি আইন পাস হয় কত সালে?
ⓚ ১৮৪৪ সালে, ব্রিটেনে
ⓚ ১৮৫৪ সালে, ব্রিটেনে
ⓖ ১৮৬৪ সালে, ব্রিটেনে
ⓖ ১৮৭৪ সালে, ব্রিটেনে

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | ঘ | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | ক | ১২ | ঘ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | গ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | ক |

Teachingbd24.com